



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

এসএমই বিভাগ

www.krishibank.org.bd

ফোন : ০২৪৭-১২০১৬৬

Email:dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/এসএমইবিভাগ-৭(৮)/২০২৩-২০২৪/ ৩৩৩(২৫০)

তারিখঃ ১৯/০৫/২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ২০২৩-২০২৪ অর্থবছরে SME খাতে জুন/২০২৪ এর মধ্যে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন এবং ডিসেম্বর/২০২৪ এর মধ্যে এ খাতে ঋণস্থিতি মোট ঋণস্থিতির ২৫% উন্নীতকরণ প্রসঙ্গে।

মহোদয়,

বাংলাদেশ সরকারের এসডিজি ২০৩০ এবং রূপকল্প ২০৪১ সহ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে যে সকল লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তার অবিকাংশ ক্ষেত্রে SME খাতের গুরুত্ব অপরিসীম। এই গুরুত্বের বিষয়টি বিবেচনা করে বাংলাদেশ ব্যাংক সকল তফশিলি ব্যাংককে ডিসেম্বর/২০২৪ এর মধ্যে SME ঋণস্থিতি মোট ঋণস্থিতির ২৫% অর্জনের নির্দেশনা দিয়েছেন। বাংলাদেশ সরকারের পরিকল্পনা এবং বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক চলতি অর্থবছরের শুরুতেই ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এসএমই খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিয়েছে। কিন্তু চলতি অর্থবছরের ১০ (দশ) মাস অতিক্রান্ত হলেও কোন বিভাগেরই এ খাতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। এসএমই খাতে ঋণ বিতরণের বিভাগওয়ারী অর্জন ও এসএমই ঋণস্থিতির হার নিম্নরূপঃ

(কোটি টাকা)

ক্রম	বিভাগ/কার্যালয়	সিএমএসএমই খাতে ঋণ বিতরণ ও অর্জন			০২-০৫-২০২৪ তারিখ ভিত্তিক ঋণস্থিতি			
		লক্ষ্যমাত্রা	ঋণ বিতরণ	অর্জনের হার	মোট ঋণস্থিতি	SME ঋণস্থিতি	হার	মন্তব্য
১	ঢাকা	১৬৮৯.০০	৮৫১.৪২	৫০.৪১%	৫৫০৬.২৮	১২২০.৮০	২২.১৭%	
২	ময়মনসিংহ	৮০০.০০	৫৯৩.২১	৭৪.১৫%	৪৮৫৩.২৯	৭৮৭.৬৩	১৬.২৩%	
৩	চট্টগ্রাম	৭৬১.০০	৩৩১.৮৬	৪৩.৬১%	২৩৬৬.৪৮	৪১২.০৬	১৭.৪১%	
৪	খুলনা	৭১৩.০০	৩৪০.৫৬	৪৭.৭৬%	৩০১৪.৬৯	৪৯১.৮৭	১৬.৩২%	
৫	বরিশাল	৩৬৫.০০	২৪৮.৮৩	৬৮.১৭%	৩১৪৭.৪৮	৩৫২.১৫	১১.১৯%	
৬	সিলেট	৫০০.০০	২৪৯.৬৪	৪৯.৯৩%	১৮৭০.৩১	৩৩৮.৩০	১৮.০৯%	
৭	কুমিল্লা	১১৪৬.০০	৫৩৪.৪৬	৪৬.৬৪%	৩২৫৮.৫৯	৬৮০.৩৪	২০.৮৮%	
৮	ফরিদপুর	৭৮৭.০০	৩৫০.২৪	৪৪.৫০%	২৩৮৬.৯১	৪২৫.৬৪	১৭.৮৩%	
৯	কুষ্টিয়া	৭০৩.০০	৩৩৮.১০	৪৮.০৯%	২৪৫৭.২৩	৪০২.৮৮	১৬.৪০%	
১০	এলাপিও	৫৩৬.০০	৫৫.১২	১০.২৮%	৩২০৪.৯৫	৭০.৩৯	২.২০%	
	মোট	৮০০০.০০	৩৮৯৩.৪৪	৪৮.৬৭%	৩২০৬৬.২১	৫১৮২.০৬	১৬.১৬%	

০২। সিএমএসএমই ঋণ বিতরণ কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে সময়ে সময়ে একাধিক পত্র জারী করা হলেও ঋণ বিতরণ পরিস্থিতি কাজিত মাত্রায় উন্নীত হচ্ছে না। উপরিলিখিত অর্জন পর্যালোচনা করে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অসন্তুষ্টি প্রকাশ করেছে এবং চলতি বছরের অবশিষ্ট সময়ের মধ্যে নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে সম্ভাব্য নতুন উদ্যোক্তা, নারী উদ্যোক্তা ও ক্লাস্টারভিত্তিক অর্থায়নের জন্য সিএমএসএমই উদ্যোক্তাদের তালিকা প্রণয়ন, নতুন/নবায়নযোগ্য ঋণ প্রস্তাবসমূহ দ্রুত মঞ্জুরি/নবায়ন করে বিতরণের ব্যবস্থা গ্রহণ, শাখাসমূহের জন্য সংখ্যা ও পরিমাপের ভিত্তিতে সাপ্তাহিক লক্ষ্যমাত্রা নির্ধারণ ও নিজস্ব কর্মকৌশল প্রণয়নপূর্বক মনিটরিংসহ মাঠ কার্যালয়সমূহের ব্যবসায়িক ক্ষমতা সর্বোচ্চ সন্ধ্যবহার করে যথানিয়মে ও দ্রুততম সময়ে সিএমএসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, চলতি অর্থবছরের অবশিষ্ট সময়ে সিএমএসএমই খাতে জুন/২০২৪ এর মধ্যে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন এবং ডিসেম্বর/২০২৪ এর মধ্যে SME খাতে ঋণস্থিতি মোট ঋণস্থিতির ২৫% উন্নীতকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য, সিএমএসএমই খাতে ঋণ বিতরণের বিষয়টি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নিবিড়ভাবে মনিটরিং করা হবে এবং এতদবিষয়ে ব্যর্থতার জন্য সংশ্লিষ্টদের জবাবদিহিতার আওতায় আনা হবে ও বার্ষিক মূল্যায়ন প্রতিবেদনে এর প্রভাব পড়বে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত
১৯.০৫.২০২৪
(আবু সাঈদ মোঃ রওশানুল হক)
মহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা/এসএমইবিভাগ-৭(৮)/২০২৩-২০২৪/ ৩৩৩(২৫০)

তারিখঃ ১৯/০৫/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

১৯/০৫/২৪
(আ. ন. ম. বজলুল করিম)
উপমহাব্যবস্থাপক